২০২১

চতুর্থ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-8

(প্রাগাধুনিক সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) বৈষ্ণব সাহিত্যে 'অভিসার' পর্যায়ের তাৎপর্য লেখো। এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাঁর একটি পদ অবলম্বনে কবির শ্রেষ্ঠত্বের পরিচয় দাও। ১০

অথবা,

(খ) "অঙ্কুর তপন তাপে যদি জারব" — কোন পর্যায়ের পদ? কবি কে? পদটিতে প্রতিফলিত রাধার যন্ত্রণাভোগ ও হৃদয়ার্তির পরিচয় দাও। ১০

২। (ক) ভাঁড়ুদত্ত চরিত্রটি মুকুন্দ চক্রবর্তী-সৃষ্ট সবচেয়ে বাস্তব চরিত্র।— আলোচনা করো। ১০

অথবা,

(খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের আখেটিক খণ্ড অবলম্বনে মুকুন্দ চক্রবর্তীর সমাজদৃষ্টির পরিচয় দাও। ১০

৩। (ক) শাক্ত পদসাহিত্যে রামপ্রসাদ সেনের কৃতিত্ব আলোচনা করো। ১০

অথবা,

(খ) 'ভক্তের আকুতি' পর্যায়ে প্রতিফলিত আঠারো শতকের সমাজবাস্তবতার পরিচয় দাও। ১০

৪। (ক) পদাবলী সাহিত্যে পূর্বরাগ-এর আধ্যাত্মিক তাৎপর্য লেখো। ৫

অথবা,

(খ) রূপানুরাগের পদে জ্ঞানদাসের কৃতিত্ব আলোচনা করো। ৫

৫। (ক) 'ফুল্লরার বারোমাস্যা' অবলম্বনে ফুল্লরার সাংসারিক জীবনচিত্রের পরিচয় দাও। ৫

অথবা,

(খ) 'কালকেতুর ভোজন' অবলম্বনে মুকুন্দ চক্রবর্তীর কৌতুকপ্রিয়তার পরিচয় দাও। ৫

৬। (ক) শাক্তপদাবলীতে কীভাবে মেনকার উৎকণ্ঠার মধ্যে বাঙালি মায়ের হৃদয়টি ধরা পড়েছে তা উদ্ধৃতি সহযোগে দেখাও। ৫

অথবা,

(খ) "গিরিরাণি, এই নাও তোমার উমারে" — পদটিতে গিরিরাজ যতটা না পিতা, তার চেয়ে বড়ো ভক্ত। — আলোচনা করো। ৫

৭। *যে-কোনো একটি* বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫×১

(ক) বৈষ্ণব পদাবলীর গৌরচন্দ্রিকা

(খ) মুরারী শীল চরিত্র

(গ) শাক্তপদাবলীর বাৎসল্য রসের শ্রেষ্ঠত্ব।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) কৃষ্ণের পালক পিতার নাম কী?

(খ) কাকে দ্বিতীয় বিদ্যাপতি বলা হয়?

(গ) "মন্দির বাহির কঠিন কপাট" — এখানে 'মন্দির' শব্দটির অর্থ কী?

(ঘ) "বহুদিন পরে বঁধুয়া এলে" — কোন পর্যায়ের পদ? কবি কে?

(ঙ) কোন রস-পর্যায়ে অনুভব 'তিলে তিলে নূতন হোয়'?

(চ) কবি মুকুন্দ চক্রবর্তী কোন গ্রামে ছয়-সাত পুরুষ ধরে বাস করতেন?

(ছ) "খুঁজিয়া পাইল যেন হাঁড়ির মত সরা" — 'হাঁড়ির মত সরা' বলতে কী বোঝানো হয়েছে?

(জ) কাহার ষোড়শী কন্যা আনিয়াছ ঘরে — 'ষোড়শী কন্যা'-র পরিচয় দাও।

(ঝ) ফজর সময়ে উঠি বিছায়ে লোহিত পাটি — 'ফজর' কোন ভাষার শব্দ? অর্থ কী?

(ঞ) ভাঁড়ুদত্তর দাদা শিবাদত্তর বিয়ে হয়নি কেন?

(ট) কমলাকান্ত ভট্টাচার্য কোন রাজসভার সঙ্গে যুক্ত ছিলেন?

(ঠ) "মায়ে-ঝিয়ে করবো ঝগড়া" — কার সঙ্গে কেন ঝগড়া করা হবে?

(ড) "মা আমায় ঘুরাবে কত?" — মা কেমন করে ভক্তকে ঘোরাচ্ছেন?

(ঢ) "এমন দিন কি হবে তারা" — কবির কেমন দিন কাঙ্ক্ষিত?

(ণ) 'ছ-টা কলুর অনুগত' বলতে রামপ্রসাদ কী বোঝাতে চেয়েছেন?

২০২১

চতুর্থ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-9

(ছন্দ, অলংকার ও কাব্যতত্ত্ব)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) দলবৃত্ত বা শ্বাসাঘাতপ্রধান বা স্বরবৃত্ত বা বলবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো। ১০

অথবা,

(খ) সংজ্ঞা ও দৃষ্টান্তসহ পরিচয় দাও (***যে-কোনো দু-টি***)। ২×৫

(অ) ছেদ ও যতি

(আ) পর্বের সংজ্ঞা ও শ্রেণিবিভাগ

(ই) পয়ারের শোষণশক্তি।

২। (ক) অনুপ্রাস অলংকার কাকে বলে? যে-কোনো দু-টি অনুপ্রাস অলংকার সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো। ২+৪+৪

অথবা,

(খ) উৎপ্রেক্ষা অলংকারের সংজ্ঞা দাও। এই অলংকারের বিভাগগুলি সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো। ২+৮

৩। (ক) "বাক্যের শব্দ আর অর্থকে আটপৌরে না রেখে সাজসজ্জায় সাজিয়ে দিলেই বাক্য কাব্য হয়ে ওঠে।" — উদাহরণসহ উদ্ধৃতাংশটি ব্যাখ্যা করো। ১০

অথবা,

(খ) গ্রিক দার্শনিক অ্যারিস্টটলের অনুসরণে 'অনুকরণ তত্ত্ব'টি সংক্ষেপে ব্যাখ্যা করো। ১০

৪। ছন্দোলিপি প্রণয়ন করো।
(মাত্রা, পর্ব, পদ, লয় ও রীতি উল্লেখ করা আবশ্যক)

(ক) গঙ্গাপ্রাপ্তি আশা ক'রে গঙ্গাযাত্রা করেছিলেম,
তোমাদের না ব'লে ক'য়ে আস্তে আস্তে সরেছিলেম। ৫

অথবা,

(খ) প্রিয়, ফুল খেলবার দিন নয় অদ্য
এসে গেছে ধ্বংসের বার্তা।
দুর্যোগে পথ হয় হোক দুর্বোধ্য
চিনে নেবে যৌবন আত্মা। ৫

৫। অলংকার নির্ণয় করো।

(ক) মধুহীন কোরো না গো তব মনঃ
কোকনদে। ৫

অথবা,

(খ) এ পুরীর পথ-মাঝে যত আছে শিলা,
কঠিন শ্যামার মতো কেহ নাহি আর। ৫

৬। (ক) "এই 'অতিরিক্ত বস্তু'-ই কব্যের আত্মা" কাব্যের এই অতিরিক্ত বস্তু সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা,

(খ) 'অনুকরণের বিষয়' বলতে অ্যারিস্টটল কী বুঝিয়েছিলেন তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৭। *যে-কোনো একটি* বিষয় সম্পর্কে আলোচনা করো। ৫×১

(ক) মিশ্রবৃত্ত বা অক্ষরবৃত্ত বা তানপ্রধান ছন্দের মাত্রাগণনা রীতি

(খ) সমাসোক্তি অলংকার

(গ) অনুভাব।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) দল কয় প্রকার ও কী কী?

(খ) কলাবৃত্ত বা মাত্রাবৃত্ত ছন্দে রুদ্ধদল কয় মাত্রায় গঠিত হয়?

(গ) মুক্তক ছন্দের প্রবর্তক কে?

(ঘ) মিশ্রবৃত্ত বা অক্ষরবৃত্ত ছন্দের মূলপর্ব কয় মাত্রায় গঠিত হয়?

(ঙ) "হাজার বছর ধ'রে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে" — কী ছন্দ?

(চ) উপমা অলংকারের চারটি অঙ্গ কী কী?

(ছ) লুপ্তোপমা অলংকারের দৃষ্টান্ত দাও।

(জ) কোন অলংকারে উপমেয়কে অস্বীকার করে উপমানকে প্রতিষ্ঠিত করা হয়?

(ঝ) "ভারত ভারতখ্যাত আপনার গুণে" — কী অলংকার?

(ঞ) একটি ছেকানুপ্রাস অলংকারের উদাহরণ দাও।

(ট) দু-জন ভারতীয় আলংকারিকের নাম লেখো।

(ঠ) 'কাব্যং গ্রাহ্যমলংকারাৎ' — কে বলেছিলেন?

(ড) 'কাব্যনির্মাণকৌশলের তিন ভাগ' — কী কী?

(ঢ) সংস্কৃত অলংকার শাস্ত্র অনুযায়ী যে-কোনো চারটি রসের নাম লেখো।

(ণ) অনুকরণকে গ্রিক ভাষায় কী বলা হয়?

২০২১

চতুর্থ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-10

(প্রবন্ধ ও বিবিধ রচনা)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) "কমলাকান্ত একাধারে কবি, দার্শনিক, সমাজশিক্ষক, রাজনীতিজ্ঞ ও স্বদেশপ্রেমিক।" — 'কমলাকান্তের দপ্তর'-এর পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১০

অথবা,

(খ) 'যে দেশে বহু ধর্ম বহু ভাষা' প্রবন্ধে বহু ভাষা ও সম্প্রদায়ে বিভক্ত ভারতের ভাষা-সমস্যা সমাধানে ও সংহতি বিধানে প্রাবন্ধিক যে পথ নির্দেশ করেছেন তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

২। (ক) 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর 'চিত্র' এবং 'সঙ্গীত'-কে কেন সাহিত্যের 'প্রধান উপকরণ' বলে বর্ণনা করেছেন তা লেখকের যুক্তিপরম্পরায় বিশ্লেষণ করো। ১০

অথবা,

(খ) রবীন্দ্রনাথের উত্তরসাধক হয়ে জন্মানোর জন্য রবীন্দ্র-অনুবর্তী কবিদের যে সংকটের মুখোমুখি হতে হয়েছে তা বুদ্ধদেব বসু-র 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০

৩। (ক) 'ছিন্নপত্র' গ্রন্থে পদ্মাতীরের মানবজীবন কেমনভাবে ধরা পড়েছে তা পাঠ্য পত্রগুলি অবলম্বনে লেখো। ১০

অথবা,

(খ) 'ছিন্নপত্র'-এ তোমার পাঠ্য পত্রগুলি অবলম্বনে বিশ্বপ্রকৃতির সঙ্গে কবির নিবিড় সম্পর্কের যে পরিচয় পাও তার স্বরূপটি পরিস্ফুট করো। ১০

৪। (ক) 'বিড়াল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সাম্যবাদী মানসিকতার যে-পরিচয় প্রকাশ পেয়েছে সংক্ষেপে তার স্বরূপ আলোচনা করো। ৫

অথবা,

(খ) বিজ্ঞানশিক্ষার ওপরে প্রাবন্ধিক কেন গুরুত্ব আরোপ করেছেন তা 'শিক্ষা ও বিজ্ঞান' প্রবন্ধ অবলম্বনে লেখো। ৫

৫। (ক) "মন প্রকৃতির আরশি নহে, সাহিত্যও প্রকৃতির আরশি নহে।" — ব্যাখ্যা করো। ৫

অথবা,

(খ) গোপাল হালদারের 'আধুনিক সাহিত্য' প্রবন্ধ অবলম্বনে প্রাচীন সাহিত্যের 'মানবতাবোধ'-এর সঙ্গে আধুনিক সাহিত্যের 'মানবতাবাদ'-এর প্রভেদ নির্দেশ করো। ৫

৬। (ক) 'ছিন্নপত্র'-র ৩০ সংখ্যক পত্রের মূল বক্তব্য সংক্ষেপে লেখো। ৫

অথবা,

(খ) রবীন্দ্রনাথের ছোটোগল্পের উৎস হিসাবে বিবেচিত হয়, ছিন্নপত্রের এমন একটি পত্র সম্পর্কে আলোচনা করো। ৫

৭। (ক) "আমি অনেক অনুসন্ধান করিয়া দেখিতেছি, পরের জন্য আত্মবিসর্জন ভিন্ন পৃথিবীতে স্থায়ী সুখের অন্য কোনো মূল নাই।" — ব্যাখ্যা করো। ৫

অথবা,

(খ) "সৌন্দর্য ও মঙ্গলের এই সম্মিলন যে দেখিয়াছে সে ভোগবিলাসের সঙ্গে সৌন্দর্যকে কখনোই জড়াইয়া রাখিতে পারে না।" — সৌন্দর্য ও মঙ্গলের কোন সম্মিলনের কথা প্রাবন্ধিক বলেছেন? ৫

অথবা,

(গ) রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র'-র ১০২ সংখ্যক পত্রের মর্মবস্তু সংক্ষেপে লেখো। ৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) "আমি একা — তাই এই সঙ্গীতে আমার শরীর কণ্টকিত হইল।" — কার লেখা? কোন প্রবন্ধ?

(খ) 'কমলাকান্তের দপ্তর' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?

(গ) 'Truth' এবং 'Beauty'-র প্রতিমূর্তি কে?

(ঘ) 'ছিন্নপত্র'-র চিঠিগুলি রবীন্দ্রনাথ ঠাকুর কাকে উদ্দেশ করে লিখেছিলেন?

(ঙ) "মনে হইল বৃহৎ পতঙ্গ বালিশে ঠেসান দিয়া তামাকু টানিতেছে।" — কে, কাকে 'বৃহৎ পতঙ্গ' বলে মনে করেছে?

(চ) 'পাশ্চাত্য ও প্রাচ্য সমালোচনার ধারা' প্রবন্ধে প্রাবন্ধিক সুবোধচন্দ্র সেনগুপ্ত রবীন্দ্রনাথের কোন কবিতাকে দৃষ্টান্ত হিসাবে ব্যবহার করেছেন?

(ছ) রবীন্দ্রনাথের 'সাহিত্য' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?

(জ) 'শিক্ষা ও বিজ্ঞান' প্রবন্ধে প্রাবন্ধিক ভারতবর্ষের কোন্ দুটি প্রাচীন বিশ্ববিদ্যালয়ের নাম উল্লেখ করেছেন?

(ঝ) "একটি পতিত আত্মাকে অন্ধকার হইতে আলোকে আনিয়াছি।" — পতিত আত্মাটি কে? কে তাকে আলোকে এনেছে?

(ঞ) 'উপন্যাস ও সমাজ বাস্তবতা' প্রবন্ধে যে ইংরেজি কবিতায় ঔপন্যাসিকদের প্রতি শ্রদ্ধা অর্পণ করা হয়েছে সেটি কার লেখা?

(ট) 'চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা শির' কবিতাটি কোন প্রবন্ধে উদ্ধৃত করা হয়েছে? প্রাবন্ধিক কে?

(ঠ) "Literature must become party literature." — উক্তিটি কার?

(ড) 'ছিন্নপত্র' কবে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল?

(ঢ) "একটা দেশের একটাই রাষ্ট্রধর্ম হবে, এ ধারণা ইউরোপেও ছিল।" — এটি কোন প্রবন্ধের অন্তর্গত? লেখক কে?

(ণ) "সব সত্ত্বেও একথা সত্য যে রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি।" — কার সম্পর্কে প্রাবন্ধিকের এই উক্তি?

২০২১

চতুর্থ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : SEC-B-1

(ব্যবহারিক বাংলা ও সাহিত্য গবেষণার পদ্ধতিবিজ্ঞান)

পূর্ণমান - ৮০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) ঘূর্ণিঝড় 'ইয়াসে'-র তাণ্ডবে বিধ্বস্ত বাঙালির অন্যতম পর্যটনকেন্দ্র দিঘা— এই বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। ১০

অথবা,

(খ) করোনা ভাইরাস সংক্রমণের ভয়াবহ পরিস্থিতিতে সাবধানতা অবলম্বন বিষয়ে একজন চিকিৎসকের সঙ্গে তোমার একটি কাল্পনিক সাক্ষাৎকার লেখো। ১০

২। (ক) কলেজে ভর্তির জন্য সংবাদপত্রে প্রকাশযোগ্য একটি বিজ্ঞাপন তৈরি করো। ১০

অথবা,

(খ) নিম্নলিখিত অংশটি বাংলায় অনুবাদ করো। ১০

Once there were two kings. One of them had seven sons and the other had seven daughters. Though they were in different kingdoms and didn't know each other, they both decided it was time to get their offspring married. The king who had sons called his servants, gave them seven pictures of his seven sons, and asked them to search for proper well-born brides for each of them. The king who had seven daughters also called his servants, gave them pictures of his seven daughters, and sent them forth with orders to find suitable royal bridegrooms for them.

৩। (ক) গবেষণার আদর্শ বিন্যাসক্রম সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা,

(খ) কপিরাইট আইন কী? এই আইনের বৈশিষ্ট্যগুলি পর্যালোচনা করো। ৩+৭

৪। *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) প্রাতিষ্ঠানিক পত্র কাকে বলে? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(খ) ব্যক্তিগত পত্রের আঙ্গিক সম্পর্কে আলোচনা করো।

(গ) সফল সাক্ষাৎকারের প্রয়োজনীয় শর্তগুলির পরিচয় দাও।

(ঘ) ভাবানুবাদকে নতুন সৃষ্টি বলা চলে কিনা আলোচনা করো।

(ঙ) বিজ্ঞাপনের মাধ্যম বলতে কী বোঝো? বিজ্ঞাপনের বিভিন্ন মাধ্যমগুলি উদাহরণসহ উল্লেখ করো।

(চ) গবেষণার সময় তথ্যসংগ্রহের উৎসগুলির পরিচয় দাও।

(ছ) গবেষণাকর্মে কবিতা থেকে উদ্ধৃতি প্রয়োগের নিয়মগুলি আলোচনা করো।

(জ) পাদটীকা ও গ্রন্থপঞ্জির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) প্রতিবেদন যিনি রচনা করেন তাঁকে কী বলা হয়?

(খ) কোনো বিশেষ ঘটনার উপর মূল্যায়নভিত্তিক প্রতিবেদনকে কী নামে চিহ্নিত করা হয়?

(গ) একটি প্রতিবেদনের শিরোনাম কেমন হওয়া উচিত?

(ঘ) প্রতিবেদন তৈরির একটি মুখ্য বৈশিষ্ট্যের উল্লেখ করো।

(ঙ) পত্রের দুটি শ্রেণির নাম লেখো।

(চ) অধ্যক্ষের কাছে ছুটি চাওয়া কী প্রকারের পত্র?

(ছ) বিজ্ঞাপনের একটি উদ্দেশ্য লেখো।

(জ) 'পাত্র-পাত্রী চাই' কী ধরনের বিজ্ঞাপনের অন্তর্ভুক্ত?

(ঝ) একটি দৃশ্য-বিজ্ঞাপনের উদাহরণ দাও।

(ঞ) ইংরেজিতে ক্রিয়া (Verb) বাক্যের কোথায় বসে?

(ট) Excess of greed is harmful — বাংলায় অনুবাদ করো।

(ঠ) One day all the pigeons were caught in a hunter's net — বাংলায় অনুবাদ করো।

(ড) গবেষণার ক্ষেত্রে একটি অলিখিত উপাদানের নাম লেখো।

(ঢ) 'নামপত্র' কী?

(ণ) স্বাধীন ভারতবর্ষে কপিরাইট আইন কত খ্রিস্টাব্দে প্রবর্তিত হয়?

(ত) বিদ্যাসাগরের 'ভ্রান্তিবিলাস' কোন গ্রন্থের অনুবাদ?

(থ) কোনো পৃষ্ঠার শেষে ব্যবহৃত তথ্যের উৎস নির্দেশক অংশকে কী বলা হয়?

(দ) সূত্র নির্দেশের ক্ষেত্রে পরের উল্লেখে পূর্বে উল্লিখিত একই গ্রন্থ, একই পৃষ্ঠাঙ্ক বোঝাতে বাংলায় কী সংকেত ব্যবহার করা হয়?

(ধ) গ্রন্থপঞ্জিতে সংবাদপত্রের নাম কীভাবে উল্লেখ করা হয়?

(ন) নির্ঘণ্ট গবেষণামূলক গ্রন্থের কোন অংশে থাকে?